ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-১০৯২
আগরতলা, ১২ আগস্ট, ২০১৯

শান্তিপূর্ণ সমাজ ব্যবস্থাই রাজ্যকে সুস্থ ও সমৃদ্ধশালী অর্থনৈতিক ব্যবস্থা দিতে পারে ঃ মুখ্যমন্ত্রী

যেকোন রাজ্যের শান্তিপূর্ণ সমাজ ব্যবস্থাই রাজ্যকে সুস্থ ও সমৃদ্ধিশালী অর্থনৈতিক ব্যবস্থা দিতে পারে। এরজন্য রাজ্যের আইন শৃঙ্খলার উন্নয়ন খুবই জরুরী। রাজ্যের বর্তমান সরকার সেই দিশাতেই কাজ করছে। আজ স্বামী বিবেকানন্দ ময়দানে ত্রিপুরা পুলিশে বীট পেট্রোলিং-এর জন্য ২৬১টি মোটর সাইকেলের ফ্ল্যাগিং অফের মাধ্যমে যাত্রার সূচনা করে মুখ্যমন্ত্রী বিপ্লব কুমার দেব একথাগুলি বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে নতুন সরকার দায়িত্ব নেওয়ার পর নতুন বিভিন্ন পদক্ষেপ নেওয়া হয়েছে। এরমধ্যে ত্রিপুরা পুলিশকে স্মার্ট পুলিশ বানানো অন্যতম। রাজ্যের পুলিশ যাতে সময়ের মধ্যে তাদের দায়দায়িত্ব সম্পন্ন করতে পারে তারজন্য আধুনিকীকরণ ব্যবস্থাও প্রয়োজন। রাজ্য সরকার রাজ্যের প্রতিটি প্রান্তের আইন শৃঙ্খলার উন্নয়নে বীট কনস্টেবল ব্যবস্থাকে শক্তিশালী করার উপর গুরুত্ব আরোপ করেছে। এরজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও উদ্যোগ নেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে বীট কনস্টেবল ব্যবস্থা নুতন কোন বিষয় নয়। আগেও এই ব্যবস্থা ছিল। কিন্তু দেখা গেছে বিগত সরকারের দীর্ঘ শাসনকালে বীট কনস্টেবল ব্যবস্থা প্রায় নিঃচিহ্ন হয়ে গিয়েছিল। ফলে পুলিশী ব্যবস্থায় দূর্বলতার কারণে রাজ্যে ফেন্সিডিল ও গাঁজা সহ বিভিন্ন নেশার সাম্রাজ্য গড়ে উঠেছিল। বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পর পুলিশ যাতে সমাজের আইন শৃঙ্খলা রক্ষার ক্ষেত্রে সঠিকভাবে কার্য সম্পাদন করতে পারে সে বিষয়ে গুরুত্ব দিয়েছে। সেই লক্ষ্যে রাজ্য পুলিশকে আধুনিকীকরণ করার মাধ্যমে পুলিশী ব্যবস্থাকেও শক্তিশালী করার উদ্যোগ নেওয়া হয়।

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের প্রতিটি থানার পুলিশ আধিকারিককে তার নিজের এলাকা সম্পর্কে ওয়াকিবহাল থাকতে হবে। পাশাপাশি এলাকার আইন শৃঙ্খলার উন্নয়নে সময়ের মধ্যে কার্য সম্পাদন করতে হবে। রাজ্যের প্রতিটি জেলায় বীট কনস্টেবলকে শক্তিশালী করে সমাজ ব্যবস্থায় অপরাধ দমনের মাধ্যমে শান্তি স্থাপনের উদ্যোগ নিতে হবে। তিনি বলেন, রাজ্য সরকার রাজ্যের পর্যটন শিল্পকে উন্নয়ন করার পরিকল্পনা নিয়ে কাজ করছে। এরজন্য রাজ্যের আইন শৃঙ্খলা বজায় থাকা আবশ্যক। তবেই রাজ্যে পর্যটকের সংখ্যা আরোও বৃদ্ধি পাবে। রাজ্য পুলিশের বিভিন্ন পরিকাঠামো উন্নয়নেও রাজ্য সরকার বিশেষ গুরুত্ব দিয়েছে। রাজ্যে বীট কনস্টেবলের মাধ্যমে বিভিন্ন অপরাধমূলক কার্যকলাপ হ্রাস পাবে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন।

অনুষ্ঠানে স্বাগত ভাষণে পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক রাজীব সিং বলেন, আজ ত্রিপুরা পুলিশের জন্য একটি ঐতিহাসিক দিন। বর্তমান রাজ্য সরকার রাজ্যের পুলিশী ব্যবস্থাকে আধুনিকীকরণ করার যে উদ্যোগ নিয়েছে এরই অঙ্গ হিসেবে আজ ত্রিপুরা পুলিশকে একসঙ্গে ২৬১টি মোটর সাইকেল প্রদান করা হয়েছে। তিনি বলেন, রাজ্যের ৮টি জেলায় মোট ৫৭৮টি বীট রয়েছে। প্রতিটি জেলার বীট পেট্রোলিং ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্দেশ্যেই ত্রিপুরা পুলিশকে মোটর সাইকেলগুলি প্রদান করা হয়েছে। এরমধ্যে ৭টি মহিলা থানায় ২টি করে মোট ১৪টি মোটর সাইকেল প্রদান করা হয়েছে।

বিশেষ অতিথির ভাষণে অতিরিক্ত মুখ্যসচিব কুমার অলক বলেন, রাজ্যের বর্তমান সরকার দায়িত্ব নেওয়ার পরই বীট পেট্রোলিং ব্যবস্থাকে শক্তিশালী করার উদ্যোগ নেয়। কারণ পুলিশী ব্যবস্থাকে সশক্তিকরণে বীট পেট্রোলিং ব্যবস্থার যথেষ্ঠ গুরুত্ব রয়েছে। এর মাধ্যমে জনগণের সঙ্গে পুলিশের সম্পর্ক আরও সুদৃঢ় হবে বলে তিনি আশা প্রকাশ করেন।

অনুষ্ঠানে ধন্যবাদসূচক বক্তব্য রাখেন আই জি পি (ক্রাইম) পুণিত রস্তোগী।

*****